Transport Office
Jagannath University
Dhaka-1100
Phone8 (+88 02) 9515446
E-mail8 transportofficejnu14@gmail.com
Web8www.jnu.ac.bd

পরিবহন অফিস
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০
ফোন ঃ (+৮৮ ০২) ৯৫১৫৪৪৬
ই-মেইল: transportofficejnu14@gmail.com
ওয়েব:www.jnu.ac.bd

জবি/পরিবহন/সাধারণ/১৪/৯৪৭২

তারিখ: ০১ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

# বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের পরিবহন সেবায় যাতায়াতকারী শিক্ষার্থী এবং চালক ও পরিবহন কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতি সময়ে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব একতলা, দ্বিতল ও বিআরটিসি (BRTC) হতে ভাড়াকৃত বাসে শিক্ষার্থীদের বসার সিটে পূর্বাহ্নে খাতা, কলম, পানির বোতল, ব্যাগ, মানিবাগ কিংবা শিট রেখে 'সিট দখল' করার অসৌজন্যমূলক চর্চা লক্ষ্য করা যাচ্ছে। তদুপরি, বাস কমিটির প্রভাব খাটানো এবং নবীন শিক্ষার্থীদের আসন পেতে বাধা সৃষ্টি বা হেনস্তা করার বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের দৃষ্টিগোচর হয়েছে।

এধরণের আচরণ বিশ্ববিদ্যালয়ের সুশৃঙ্খল পরিবেশ, সাধারণ শিষ্টাচার এবং পারস্পারিক সৌহার্দ্যের পরিপন্থী। কোনো শিক্ষার্থীর ওপর প্রভাব বিস্তার বা সিট দখলের নামে অসম আচরণ র‍্যাগিং (Ragging)-এর সামিল এবং শৃঙ্খলাভঙ্গ ও শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য।

এমতাবস্থায়, অদ্য ১৬/০৯/২০২৬ খ্রি: তারিখ হতে সংশ্লিষ্ট সকলকে নিম্নরূপ নির্দেশনাবলী কঠোরভাবে অনুসরণের অনুরোধ জানানো হচ্ছে:

১. **সিট দখল নিষিদ্ধকরণ:** বাসের সিটে খাতা, কলম, ব্যাগ, পানির বোতল বা অন্য কোনো ব্যক্তিগত জিনিসপত্র রেখে আগে থেকে সিট দখল করা সম্পূর্ণ নিষিদ্ধ।

২. **র‍্যাগিং ও হেনস্তা প্রতিরোধ:** জুনিয়র/নবীন শিক্ষার্থীদের সিটে বসতে বাধা দেওয়া, বাস কমিটির প্রভাব খাটানো বা কোনো প্রকার মানসিক/শারীরিক হেনস্তা করা যাবে না। উক্ত অপরাধে যুক্ত থাকা প্রমাণিত হলে বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী কঠোর প্রশাসনিক ও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩. **ধূমপান ও মাদকদ্রব্য সম্পূর্ণ নিষিদ্ধকরণ:** সকরকারি আইন ও বিশ্ববিদ্যালয়ের বিধিমোতাবেক পরিবহন যে কোন যানবাহনের অভ্যন্তরে ধূমপান করা এবং যে কোন ধরণের মাদকদ্রব্য বহন বা সেবন করা কঠোরভাবে নিষিদ্ধ।

৪. **বাসের দরজা খোলার সময়সূচি:** বাস ছাড়ার নির্ধারিত সময়ের ঠিক ১৫ (পনেরো) মিনিট পূর্বে বাসের দরজা শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত করা হবে।

৫. **চালক ও কর্মচারীদের দায়িত্ব:** গাড়ি চালক ও হেলপারগণ নির্ধারিত সময়ের ১৫ (পনেরো) মিনিট পূর্বে দরজা খুলে দেবেন এবং বাসে যেন কোনো অবৈধ সিট দখল বা বিশৃঙ্খলা না ঘটে, তা নিশ্চিতকরণে প্রশাসনকে অবহিত করবেন।

বিশ্ববিদ্যালয়ের পরিবহন সেবাকে সুশৃঙ্খল, শিক্ষার্থীবান্ধব ও র‍্যাগিং মুক্ত রাখতে সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কাম্য।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

16/09/26

(ড. তারেক বিন আতিক)
পরিবহন প্রশাসক
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

জবি/পরিবহন/সাধারণ/১৪/২৪৭২

তারিখ: ০১ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

সদয়অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতারভিত্তিতেনয়):

১-৭. ডিন, সকল অনুষদ, জবি;
৮-৯. পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (IER)/আধুনিক ভাষা ইনস্টিটিউট (IML), জবি;
১০-৪৭. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি;
৪৮. প্রভোস্ট, (নওয়াবফয়জুন্নেসা চৌধুরানীহল/ছাত্র হল-১), জবি;
৪৯. প্রক্টর, জবি;
৫০. পরিচালক {গবেষণা/ছাত্রকল্যাণ/অর্থ ও হিসাব/পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস/আইসিটি সেল (ওয়েবসাইটে দেয়ার অনুরোধসহ)/জনসংযোগ, তথ্য ও প্রকাশনা (জবি ফেসবুক পেজ-এ প্রচারেরঅনুরোধসহ)/IQAC/বহিরাঙ্গন কার্যক্রম}, জবি;
৫১. ডেপুটি রেজিস্ট্রার ও পিএসটুভিসি, উপাচার্য দপ্তর, জবি (উপাচার্য মহোদয়ের সদয়অবগতিরজন্য);
৫২. ডেপুটি রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জবি (ট্রেজারারমহোদয়ের সদয়অবগতিরজন্য);
৫৩. ডেপুটি রেজিস্ট্রার, নিরাপত্তাশাখা, রেজিস্ট্রার দপ্তর, জবি;
৬৮. ডেপুটি রেজিস্ট্রার, ব্যক্তিগত শাখা, রেজিস্ট্রার দপ্তর, জবি (রেজিস্ট্রার মহোদয়ের সদয়অবগতিরজন্য);
৬৯. শিক্ষার্থীদের যাতায়াতকৃত বাসের সকল গাড়ী চালক ও বাস হেলপার, পরিবহন পুল, জবি;
৬৯. নোটিশ বোর্ড/ফেসবুক পেজ, পরিবহনপুল, জবি;
৭০. অফিসকপি।